THE BANGLADESH OBSERVER
ভোরের কাগজ
তারিখ ... FEB 15 2000 ...

# আসন্ন এস.এস.সি. পরীক্ষা-২০০০ উপলক্ষে ছাত্র, শিক্ষক, অভিভাবক এবং সচেতন নাগরিকের প্রতি-আবেদন

আগামী ২রা মার্চ থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। পরীক্ষার মাধ্যমে ছাত্রছাত্রীদের জ্ঞান, দক্ষতা, চিন্তার গভীরতা ইত্যাদি পরিমাপ করা হয়। এই পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের ব্যবস্থা করা আমাদের সবার নৈতিক দায়িত্ব। কারণ এই পরীক্ষা অনুষ্ঠানের পরিবেশ ছাত্রছাত্রীদের উপর বিপুল প্রভাব বিস্তার করে। পরীক্ষার পরিবেশ দুর্নীতিমুক্ত থাকলে একদিকে যেমন ছাত্রছাত্রীরা জ্ঞান ও দক্ষতা অর্জনে আগ্রহী হয়ে উঠবে, অন্যদিকে পরীক্ষার হলে দুর্নীতির আশ্রয় গ্রহণের অবাধ সুযোগ তাদেরকে জ্ঞানবিমুখ ও অসদ্‌মানসিকতা সম্পন্ন করে গড়ে তুলবে। ফলে আমাদের ভবিষ্যৎ বংশধররা পঙ্গু হয়ে বেড়ে উঠবে; সমস্ত জাতির ভবিষ্যৎ অন্ধকারে নিমজ্জিত হবে। অন্যান্য দেশের সাথে প্রতিযোগিতায় আমরা পিছিয়ে পড়ব।

তাই ছাত্র, শিক্ষক, অভিভাবক, সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ প্রত্যেকের কাছে আমার আকুল আবেদন, দেশের স্বার্থে পরীক্ষার হলে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টিতে যার যার সাধ্যমত চেষ্টা করুন। ছাত্রদের বুঝাতে হবে, জ্ঞানহীন সনদ অর্থহীন ও অকার্যকর। এর ফলে সমাজে প্রতিষ্ঠা লাভ অথবা অর্থ উপার্জন কোনটাই সম্ভব নয়। অভিভাবককে বুঝতে হবে, অসদ্‌মানসিকতা সম্পন্ন সন্তান সম্পদ নয়, বরঞ্চ দায় হয়ে দাঁড়াবে। এ সন্তান আপনাকে বিপদে ফেলবে; সমস্যার সৃষ্টি করবে।

বিদগ্ধ শিক্ষক সমাজ ভাবুন, যেখানে শিক্ষার মূল্য থাকবেনা সেখানে শিক্ষকের কোন কদর বা সামাজিক সম্মান থাকা সম্ভব নয়। সবার শ্রদ্ধেয় হবার পরিবর্তে আপনার অপাংক্তেয় অপ্রয়োজনীয় জনগোষ্ঠীতে পরিণত হবেন।

সম্মানিত নেতৃবৃন্দ! জাতির এই ক্রান্তিলগ্নে সমাজ, জাতি ও দেশকে রক্ষা করার স্বার্থে সাহসের সাথে ন্যায্য কথাটি বলুন। তাতে আপনার জনপ্রিয়তা বাড়বে বৈ কমবে না।

প্রতিথযশা কলাম লেখকবৃন্দের প্রতি বিনীত অনুরোধ, আপনারা আপনাদের দক্ষ লেখনীর মাধ্যমে পরীক্ষার হলে সুষ্ঠু পরিবেশ সৃষ্টির লক্ষ্যে জনমত সৃষ্টিতে সহায়তা করুন।

আসুন এই দেশ ভবিষ্যৎ নাগরিকদের বাসযোগ্য রাখার লক্ষ্যে আমরা সবাই মিলে দুর্নীতিমুক্ত পরীক্ষা অনুষ্ঠানে সহায়তা করি।

ডঃ তপন কান্তি চৌধুরী
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
কুমিল্লা।

সিটি-৮৯/২০০০ (৬"×৩)